



মোবাইলের মাধ্যমে শুরু হলো উপবৃত্তির টাকা বিতরণ

স্টাফ রিপোর্টার ঃ মোবাইল
ব্যাংকিংয়ের মাধ্যমে বিতরণ শুরু
হলো উচ্চ মাধ্যমিক স্তরের
শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা। ডাচ
বাংলা ও অগ্রণী ব্যাংকের
সহায়তায় মোবাইল ব্যাংকিংয়ের

মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
অধিদফতর শিক্ষার্থীদের উপবৃত্তির
টাকা পরিশোধ করছে। এদিকে,
প্রশংসিত ফাঁস নিয়ে ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল বাংলাদেশের
(টিআইবি) প্রতিবেদনকে মিথ্যা ও

উদ্দেশ্যপ্রণোদিত অভিহিত
করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম
নাহিদ। বৃহস্পতিবার রাজধানীর
সিরডাপ মিলনায়তনে মোবাইল
ব্যাংকিং কার্যক্রমের উদ্বোধনকালে
শিক্ষামন্ত্রী বলেন, টিআইবি যে
তথ্য দিয়েছে তাতে দেশবাসী
বিভ্রান্ত হচ্ছে। তারা একের পর
এক মিথ্যাচার করে সরকারের
কার্যক্রমকে বাধাগ্রস্ত করছে।
সারাবিশ্ব থেকে টাকা-পয়সা এনে
সরকারের বিরোধিতা করছে
তারা।
বৃহস্পতিবার রাজধানীর সিরডাপ
মিলনায়তনে কার্যক্রমের উদ্বোধন
করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম
নাহিদ।